

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা- ১২০৭।
www.lged.gov.bd


অফিস আদেশ নম্বর - এলজিইডি/সিই/ডিঃইউঃ/ডি- ৭৫(অংশ- ১)/২০০৯/২২০৯

তারিখঃ ১ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
১৫ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন বিভিন্ন প্রকল্পের আওতায় সারা দেশে বহু সেতুর নির্মাণ কাজ চলমান রয়েছে। সম্প্রতি কোন কোন সেতুর Navigation Clearance প্রয়োজনের তুলনায় কম হচ্ছে মর্মে জাতীয় সংবাদ পত্রে ছবি সহ প্রতিবেদন ছাপা হয়েছে। এ অবস্থায় সঠিক Navigation Clearance নিশ্চিত করণের লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলোঃ

- ১। দরপত্র আহবানের পূর্বেই সরবরাহ কৃত নকশা অনুযায়ী সেতুর প্রাথমিক Layout প্রদান করতে হবে। এ ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে বাস্তব উপলব্ধির জন্য প্রয়োজনে সেতুর center line নির্ণয় করে প্রতিটি abutment ও pier location –এ অস্থায়ী post স্থাপন করে সেতুর Girder bottom line বরাবর reference thread টানা যেতে পারে। নকশায় প্রদত্ত Standard High Water Level (SHWL) যাচাই করতঃ উহার সাপেক্ষে প্রাপ্ত Vertical Clearance বাস্তবতার আলোকে সঠিক আছে কিনা তা যাচাই করতে হবে। এ পর্যায়ে স্থানীয় অভিজ্ঞ ব্যক্তিবর্গ/ নৌযান ব্যবহারকারীদের সাথে পরামর্শ করা যেতে পারে।
- ২। যাচাইকৃত Vertical & Horizontal Clearance সঠিক প্রতীয়মান না হলে তা সংশোধনের নিমিত্তে প্রয়োজনে মতামতসহ ডিজাইন ইউনিট, এলজিইডি সদর দপ্তরে প্রেরণ করতে হবে।
- ৩। নকশা প্রয়োজনীয় সংশোধন করে সে অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করতঃ দরপত্র আহবান সহ পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।


(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ +৮৮০ ২ ৯১২৪০২৭
ই- মেইলঃ ce@lged.gov.bd

বিতরণ:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, -----, বিভাগ, এলজিইডি, ----- ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, -----, অঞ্চল, এলজিইডি, ----- ।
- ৩। প্রকল্প পরিচালক, -----, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ----- ।
- ৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ -----, জেলাঃ ----- ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা- ১২০৭।
www.lged.gov.bd


অফিস আদেশ নম্বর - এলজিইডি/সিই/ডিঃইউঃ/ডি- ৭৫(অংশ- ১)/২০০৯/২২১০

তারিখঃ ১ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
১৫ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় সারা দেশে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সেতু নির্মাণ কাজ করা হয়ে থাকে। সেতুর Pile Cap / Pier সমূহ নদী পথের পানি প্রবাহে বাঁধা সৃষ্টি করে। পানি প্রবাহে বাঁধার পরিমাণ নূনতম পর্যায়ে রাখার জন্য সম্ভাব্য সকল ক্ষেত্রে সেতুর Pier এর Pile Cap সমূহ নদীর Bed level এর নীচে স্থাপন করতে হবে। এ লক্ষ্যে প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে Dewatering/Cofferdam (Item Code: 4.05.11/4.05.10, Schedule of Rates, July 2015) ইত্যাদি Item সংযোজন করতে হবে।

কোন ক্ষেত্রে যদি কারিগরী অথবা অন্য কোন যথাযোগ্য কারণে Pier এর Pile Cap existing river bed এর নীচে স্থাপন করা সম্ভব না হয় সে ক্ষেত্রে নিম্ন স্বাক্ষরকারীর অনুমোদন গ্রহণ পূর্বক নৌযান চলাচলের উপযোগী Design করে সেতুর কাজ বাস্তবায়ন করতে হবে।


(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ +৮৮০ ২ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

বিতরণ:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, -----, বিভাগ, এলজিইডি, -----।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, -----, অঞ্চল, এলজিইডি, -----।
- ৩। প্রকল্প পরিচালক, -----, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ -----।
- ৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ -----, জেলাঃ -----।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শের-ই-বাংলা নগর

ঢাকা- ১২০৭।

www.lged.gov.bd

অফিস আদেশ নম্বর - এলজিইডি/সিই/ডিঃইউঃ/ডি- ৭৫(অংশ- ১)/২০০৯/২২১১

তারিখঃ ১ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ
১৫ জুন ২০১৬ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন বিভিন্ন প্রকল্পের আওতায় সারা দেশে বহু সেতুর নির্মাণ কাজ চলমান রয়েছে। নির্মাণাধীন এ সকল সেতুতে সঠিক মানের Steel laminated elastomeric/ neoprene Bearing (preferably from Mageba Switzerland/Canada/India or equivalent) ব্যবহার করার প্রয়োজনীয়তা অনুধাবন করে Schedule of Rates, July 2015- এ Item Code 4.11.07 সংশোধন করা হয়েছে।

কিন্তু উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু ক্ষেত্রে সঠিক মানের Bearing ব্যবহার না করায় সেতুর নির্মাণ কালীন সময়েই Bearing গ্রহণযোগ্য মানের চেয়ে অতিরিক্ত Compressed হয়ে যাচ্ছে, যার ফলে নানা ধরনের জটিলতার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায় সঠিক মানের Bearing সরবরাহ ও স্থাপন নিশ্চিত করণের জন্য নিম্নরূপ পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

- ১। সেতুর জন্য প্রয়োজনীয় সংখ্যক Bearing সহ অতিরিক্ত অন্তত একটি Bearing একসাথে Sealed অবস্থায় সরবরাহ করতে হবে। সরবরাহ কৃত Bearing এর জন্য সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনক Test Report, কমপক্ষে ১০ বছরের Warranty Certificate সংশ্লিষ্ট প্রকৌশলী বরাবর প্রেরণ করবেন। উল্লেখিত Test Report অনুযায়ী Specification (Article 2.18, Technical Specifications for Bridges on the Upazila and Union Roads, March 2004. Web link: http://www.lged.gov.bd/UploadedDocument/UnitPublication/4/13/2004_TS_Bridge_UZR_UNR_final.pdf) বহির্ভূত Bearing (যদি থাকে) সমূহ ফেরত দিতে হবে।
- ২। প্রাথমিক ভাবে উত্তীর্ণ সকল Bearing সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে সংরক্ষণ করা যেতে পারে।
- ৩। প্রাথমিক ভাবে উত্তীর্ণ সকল Bearing থেকে Simple Random Sampling পদ্ধতি অনুসরণ পূর্বক ল্যাবরেটরি পরীক্ষার জন্য Bearing বাছাই করতে হবে।
- ৪। বাছাই কৃত Bearing পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত একমাত্র Bureau of Research, Testing and Consultation (BRTC), BUET- এ পরীক্ষা করতে হবে।
- ৫। পরীক্ষার ফলাফল Specification মোতাবেক সন্তোষজনক প্রতীয়মান হলে প্রাথমিক ভাবে উত্তীর্ণ Bearing সমূহ ব্যবহার করা যাবে। ফলাফল সন্তোষজনক না হলে সকল Bearing ফেরত দিতে হবে।



(শ্যামা প্রসাদ অধিকারী)

প্রধান প্রকৌশলী

ফোনঃ +৮৮০ ২ ৯১২৪০২৭

ই-মেইলঃ ce@lged.gov.bd

বিতরণ:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, -----, বিভাগ, এলজিইডি, ----- ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, -----, অঞ্চল, এলজিইডি, ----- ।
- ৩। প্রকল্প পরিচালক, -----, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ----- ।
- ৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ -----, জেলাঃ ----- ।